গাজায় ইসরায়েলি বর্বরতা ও নৃশংস হামলার প্রতিবাদে মেহেরপুরে মানববন্ধন

ফিলিস্তিনের গাজায় ইসরায়েলি বাহিনীর বর্বরতা ও নৃশংস হামলার প্রতিবাদে মেহেরপুরে মানববন্ধন অনুষ্ঠিত হয়েছে।

সোমবার (৭ এপ্রিল) বেলা সাড়ে ১০টার দিকে মেহেরপুর পৌরসভার সামনে সাধারণ জনগণের আয়োজনে এ মানববন্ধন অনুষ্ঠিত হয়। মানববন্ধনে নেতৃত্ব দেন আসিফ নাজ সুলতান।

বক্তারা বলেন, যুদ্ধবিরতি চুক্তি লঙ্ঘন করে পবিত্র রমজান মাসেও ফিলিস্তিনের গাজায় ইসরায়েলি দখলদার বাহিনী হামলা চালিয়ে শত শত নিরীহ ফিলিস্তিনিকে হত্যা করেছে। বিশ্ব মানবতার এই সংকটময় সময়ে আমাদের সবাইকে নিপীড়িত ফিলিস্তিনিদের পাশে দাঁড়াতে হবে এবং যুদ্ধবিরতি লঙ্ঘনের দায়ে নেতানিয়াহু সরকার ও ইসরায়েলকে আন্তর্জাতিক আইনের আওতায় আনতে হবে।

তারা আরও বলেন, গাজায় শুধু মুসলমানরা নয়, বরং গোটা বিশ্ব মানবতাই আক্রান্ত হয়েছে। ২০২৩ সালের ৭ অক্টোবর থেকে অবৈধ দখলদার ইসরায়েল স্বাধীন ফিলিস্তিনের ওপর লাগাতার হামলা চালিয়ে যাচ্ছে। তারা শুধু যুদ্ধবিরতি লঙ্ঘন করেনি, বরং পুরো গাজা উপত্যকা দখলের ঘোষণা দিয়েছে। বিশ্বনেতাদের অবশ্যই এই ন্যাক্কারজনক হামলা বন্ধে কার্যকর পদক্ষেপ নিতে হবে।

মানববন্ধনে উপস্থিত ছিলেন সামাজিক সংগঠন ধ্রুবতারা ইউথ ডেভেলপমেন্ট ফাউন্ডেশন মেহেরপুর জেলা শাখার সভাপতি ফয়সাল হোসেন, ইশতিয়াক উদ্দিন অর্ণব, রোকন খন্দকার, সুরুজ, জাহিদ, রাহিদুজ্জামান, রজনী, সাদিয়া এবং অন্যান্য সাধারণ জনগণ।

কোটচাঁদপুর আন্তর্জাতিক দুর্নীতিবিরোধী দিবস পালিত

দুর্নীতির বিরুদ্ধে তারুণ্যের একতা,গড়বো আগামীর শুদ্ধতা এই প্রতিপাদ্যে ঝিনাইদহের কোটচাঁদপুরে আন্তর্জাতিক দুর্নীতি বিরোধী দিবস পালিত হযেছে। বিভিন্ন কর্মসুচীর মধ্যদিয়ে দিবসটি পালিত হয়েছে।

প্রতিবছরের ন্যায় আজ সোমবার সকালে কোটচাঁদপুরেও আন্তর্জাতিক দুর্নীতি বিরোধী দিবস এ উপলক্ষে বিভিন্ন কর্মসুচী পালন করা হয়। যার মধ্যে ছিল জাতীয় ও দুর্নীতি প্রতিরোধ কমিটির পতাকা উত্তোলন, বেলুন উড়িয়ে উদ্বোধন ঘোষণা ও মানববন্ধন। পরে কোটচাদপুর উপজেলা অফিসার্স ক্লাবে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

সভায় কোটচাঁদপুর দুর্নীতি বিরোধী কমিটির সভাপতি হুমায়ন কবিরের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, উপজেলা নির্বাহী অফিসার উছেন মে।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, উপজেলা সহকারী কমিশনার (ভুমি) জান্নাতুন মাওয়া, মডেল থানার অফিসার ইনর্চাজ কবির হোসেন মাতুব্বর, দুর্নীতি বিরোধী কমিটির সহ-সভাপতি মোঃ ওলিয়ার রহমান, দুর্নীতি বিরোধী কমিটির সাধারণ সম্পাদক ফরিদা ইয়াসমিন, সাফদালপুর ইউনিয়নের চেয়ারম্যান আব্দুল মান্নান, দোড়া ইউনিয়নের চেয়ারম্যান আব্দুল জলিল বিশ্বাস, কুশনা ইউনিয়নের চেয়ারম্যান শাহারুজ্জামান সবুজ, সিনিয়র মৎস্য কর্মকর্তা দ্বীন ইসলাম, কৃষি কর্মকর্তা জাহিদুল ইসলাম,মহিলা বিষয়ক কর্মকর্তা শিলা বেগম।

অনুষ্ঠানটি সঞ্চালনা করেন সাংবাদিক শাহ জামাল।

ঝিনাইদহে আন্তর্জাতিক

[redacted]

‘[redacted]: [redacted]’ [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted]

[redacted] (Ukrinform) [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted]

ফায়ার সার্ভিসের ভারপ্রাপ্ত স্টেশন মাস্টার আব্দুল মান্নান, উপজেলার বিভিন্ন দপ্তরের কর্মকর্তা কর্মচারীবৃন্দ, শিক্ষাপ্রতিষ্ঠানের প্রতিনিধিবৃন্দ, ধর্মীয় উপাসনালয়ের প্রতিনিধিবৃন্দ, রাজনৈতিক দলের নেতৃবৃন্দ, সুধী সমাজের নেতৃবৃন্দ, রোভার স্কাউটের নেতৃবৃন্দ ও বিভিন্ন স্কুল-কলেজের ছাত্র-ছাত্রীবৃন্দ।

মেহেরপুরে আন্তর্জাতিক দুর্নীতিবিরোধী দিবস পালিত

‘দুর্নীতির বিরুদ্ধে তারুণ্যের একতা: গড়বে আগামীর শুদ্ধতা’ এ প্রতিপাদ্যে মেহেরপুরে পালিত হয়েছে আন্তর্জাতিক দুর্নীতিবিরোধী দিবস।

মেহেরপুর জেলা প্রশাসন ও মেহেরপুর জেলা দুর্নীতি প্রতিরোধ কমিটির উদ্যোগে আজ (৯ ডিসেম্বর) সোমবার সকাল দশটার সময় জেলা শিল্পকলা একাডেমির মিলনায়তনে এ আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

মেহেরপুর জেলা দুর্নীতি প্রতিরোধ কমিটির সাধারণ সম্পাদক মোঃ মোশারফ হোসেন সভাপতিত্বে আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা প্রশাসক সিফাত মেহনাজ।



বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর ডাঃ মহী উদ্দিন

আহমেদ, অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) তরিকুল ইসলাম, অতিরিক্ত পুলিশ সুপার (সার্কেল) আব্দুল করিম, দুর্নীতি দমন কমিশনের সহকারি পরিচালক বুলবুল আহমেদ।

এর আগে আন্তর্জাতিক দুর্নীতি প্রতিরোধ দিবস উপলক্ষে জাতীয় পতাকা ও দুর্নীতি দমন পতাকা উত্তোলন করা হয়। জেলা প্রশাসক সিফাত মেহেনাজ জাতীয় সঙ্গীতের সুরে শিল্পকলা একাডেমীর সামনে জাতীয় পতাকা উত্তোলন করেন এবং শিল্পকলা একাডেমীর সামনে মানববন্ধন অনুষ্ঠিত হয়।

এ সময় বক্তব্য রাখেন সিনিয়র সহকারী কমিশনার নাদির হোসেন শামীম, সদর উপজেলা নির্বাহী অফিসার (ভারপ্রাপ্ত) গাজী মুয়ীদুর রহমান, বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলনের পক্ষে বক্তব্য রাখেন আশিক রাব্বি।

চাকরি দিচ্ছে কানাডা হাইকমিশন

ঢাকায় নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ করেছে কানাডা হাইকমিশন। প্রতিষ্ঠানটি দুই ক্যাটাগরির পদে দুজন জনবল নিয়োগ দেবে। আগ্রহী প্রার্থীরা অনলাইনে আবেদন করতে পারবেন। নির্বাচিত প্রার্থীরা মাসিক বেতন ছাড়াও প্রতিষ্ঠানের নীতিমালা অনুযায়ী আরও বিভিন্ন সুযোগ-সুবিধা পাবেন।

পদের নাম : সিনিয়র ইন্টারন্যাশনাল অ্যাসিস্ট্যান্স অফিসার

পদসংখ্যা : ১

যোগ্যতা: স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে যে কোনো বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রি থাকতে হবে। ইন্টারন্যাশনাল অ্যাসিস্ট্যান্স প্রজেক্ট ব্যবস্থাপনা, বাস্তবায়ন, মনিটরিং ও ইভালুয়েশনে অন্তত পাঁচ বছর চাকরির অভিজ্ঞতা থাকতে হবে। সাম্প্রতিক সময়ে কোনো প্রতিষ্ঠানে সুপারভাইজার পদে অন্তত দুই বছর চাকরির অভিজ্ঞতা থাকতে হবে। কোনো কূটনৈতিক মিশনে কাজের অভিজ্ঞতা থাকতে হবে। বাংলাদেশে ইন্টারন্যাশনাল অ্যাসিস্ট্যান্স ও এর ট্রেন্ড সম্পর্কে

জানাশোনা থাকতে হবে। সিদ্ধান্ত গ্রহণ ও নেতৃত্বের সক্ষমতা থাকতে হবে। যোগাযোগে দক্ষ হতে হবে। কানাডার ইন্টারন্যাশনাল অ্যাসিস্ট্যান্স পলিসি ও প্রোগ্রাম সম্পর্কে জানাশোনা থাকতে হবে। বাংলা ও ইংরেজি ভাষায় সাবলীল হতে হবে। ভ্রমণের মানসিকতা থাকতে হবে।

চাকরির ধরন : চুক্তিভিত্তিক

কর্মঘণ্টা : সপ্তাহে ৩৭.৫ ঘণ্টা (সপ্তাহে দুই দিন ছুটি)

কর্মস্থল : ঢাকা (কানাডার হাইকমিশন)

বেতন : বছরে বেতন ৩৫,০৩,০৪১ টাকা।

পদের নাম : ইন্টারন্যাশনাল অ্যাসিস্ট্যান্স অফিসার

পদসংখ্যা : ১

যোগ্যতা: স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে যে কোনো বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রি থাকতে হবে। ইন্টারন্যাশনাল অ্যাসিস্ট্যান্স প্রজেক্ট ব্যবস্থাপনা, বাস্তবায়ন, মনিটরিং ও ইভালুয়েশনে অন্তত তিন বছর চাকরির অভিজ্ঞতা থাকতে হবে। বাংলাদেশে রোহিঙ্গা রিফিউজি ক্রাইসিস রেসপন্স বা হিউম্যানিটারিয়ান রেসপন্সে কাজের অভিজ্ঞতা থাকতে হবে। বাংলাদেশে ইন্টারন্যাশনাল অ্যাসিস্ট্যান্স ও এর ট্রেন্ড সম্পর্কে জানাশোনা থাকতে হবে। কোনো কূটনৈতিক মিশনে কাজের অভিজ্ঞতা থাকতে হবে। সিদ্ধান্ত গ্রহণ ও নেতৃত্বের সক্ষমতা থাকতে হবে। যোগাযোগে দক্ষ হতে হবে। কানাডার ইন্টারন্যাশনাল অ্যাসিস্ট্যান্স পলিসি ও প্রোগ্রাম সম্পর্কে জানাশোনা থাকতে হবে। বাংলা ও ইংরেজি ভাষায় সাবলীল হতে হবে। চট্টগ্রামের আঞ্চলিক অথবা রোহিঙ্গা ভাষা জানা থাকতে হবে। ভ্রমণের মানসিকতা থাকতে হবে।

চাকরির ধরন : চুক্তিভিত্তিক

কর্মঘণ্টা : সপ্তাহে ৩৭.৫ ঘণ্টা (সপ্তাহে দুই দিন ছুটি)

কর্মস্থল : ঢাকা (কানাডার হাইকমিশন)

বেতন : বছরে বেতন ২০,৭৩,১২১ টাকা।

আবেদন: আগ্রহী প্রার্থীদের হাইকমিশন অব কানাডার ওয়েবসাইটের এই

লিংক থেকে নিয়োগসংক্রান্ত বিস্তারিত তথ্য জেনে নিতে হবে। আবেদনের সময় কোনো সমস্যা হলে LES-E-Recruitment-MANIL@international.gc.ca এ ঠিকানায় মেইলে যোগাযোগ করা যাবে।

আবেদনের শেষ সময় : ৪ ডিসেম্বর ২০২৪।

সূত্র: কালবেলা

যুক্তরাষ্ট্রের ৪৭তম প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প

যুক্তরাষ্ট্রের ৪৭তম প্রেসিডেন্ট হচ্ছেন ডোনাল্ড ট্রাম্প। সব ভোট গণনা শেষের আগেই প্রাথমিক ফলাফল বিশ্লেষণে এ তথ্য জানিয়েছে ফক্স নিউজ। তাদের হিসাব-নিকাশ মতে, আর কোনোভাবেই কমলা হ্যারিসের এগিয়ে যাওয়ার সুযোগ নেই।

সর্বশেষ খবরে সংবাদমাধ্যমটি জানিয়েছে, এখন পর্যন্ত ট্রাম্পের প্রাপ্ত ইলেকটোরাল কলেজ ভোটের সংখ্যা ২৭৭। অপরদিকে ডেমোক্রেটিক দলের প্রার্থী কমলা হ্যারিস পেয়েছেন ২২৬টি ভোট। দেশটিতে মোট ৫০টি অঙ্গরাজ্যে ৫৩৮টি ইলেকটোরাল কলেজ ভোট রয়েছে। জিততে হলে ২৭০টি ইলেকটোরাল কলেজ ভোট পেতে হবে। তা ইতিমধ্যে ট্রাম্প নিশ্চিত করেছেন এবং আরও কিছু রাজ্যের ইলেকটোরাল কলেজ ভোট তার দখলে যাওয়ার খুব সম্ভাবনা তৈরি হয়েছে।

ট্রাম্পের জয়ের খবরে বিভিন্ন রাজ্যে উৎসবে মেতেছেন তার সমর্থকরা। ট্রাম্পের নির্বাচনী প্রচারের প্রধান কার্যালয় থেকে বিবিসি জানিয়েছে, ফক্স নিউজ যখন প্রেসিডেন্ট পদে ডোনাল্ড ট্রাম্পের জয়ের অনুমান ঘোষণা করছিল তখন হলরুমে উপস্থিত সমর্থকরা উল্লাসে ফেটে পড়েন। তাদের কান ফাটানো জয়ধ্বনিতে এক অন্যরকম পরিবেশের সৃষ্টি হয়। এ সময় অনেক সমর্থক আবেগাপ্লুত হয়ে পড়েন। তারা একে অপরকে জড়িয়ে ধরে ট্রাম্পের নামে স্লোগান দিতে থাকেন।

অপরদিকে কমলা এখনও হাল ছাড়ছেন না। তার প্রচারশিবিরের সহসভাপতি

সেড্রিক রিচমন্ড বলেন, ‘আমাদের এখনও ভোট গণনা করা বাকি আছে। আমাদের এমন রাজ্য রয়েছে যেগুলোর ফল এখনও নিশ্চিত নয়। আমরা রাতেও লড়াই চালিয়ে যাব। যাতে প্রতিটি ভোট গণনা হয়। প্রতিটি কণ্ঠস্বর যাতে নিশ্চিত করা হয়। সুতরাং আপনি (সমর্থক) আজ রাতে ভাইস প্রেসিডেন্টের কাছ থেকে ভাষণ শুনতে পাবেন না। তবে আগামীকাল তিনি ভাষণ দেবেন।’

এদিকে নির্বাচনে উৎসবমুখর পরিবেশ বজায় রাখতে সতর্ক অবস্থানে রয়েছে আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী। কিছু রাজ্যে মোতায়েন করা হয়েছে স্নাইপার ইউনিট। রয়েছে কয়েক স্তরের গোয়েন্দা সতর্কতা। ভোট শেষেও বেশ কয়েক দিন এ ধরনের নজরদারি অব্যাহত থাকবে বলে জানিয়েছে কর্তৃপক্ষ।

সূত্র: কালবেলা

জাতিসংঘের সাধারণ পরিষদের বক্তব্যে অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টা

আমাদের তরুণরা যে প্রজ্ঞা, সাহস ও প্রত্যয় দেখিয়েছে তা আমাদের অভিভূত করেছে বলে মন্তব্য করেন অর্ন্তবর্তী সরকারের প্রধান ড. মুহাম্মদ ইউনূস। শুক্রবার (২৭ সেপ্টেম্বর) জাতিসংঘের সাধারণ পরিষদের বক্তব্যে এ কথা বলেন তিনি।

তিনি বলেন, আমাদের ছাত্র ও যুব সমাজের আন্দোলন প্রথমদিকে মূলত ছিল বৈষম্যবিরোধী আন্দোলন। পর্যায়ক্রমে তা গণআন্দোলনে রূপ নেয়। এরপর সারা পৃথিবী অবাক বিস্ময়ে দেখেছে কীভাবে সমগ্র বাংলাদেশের মানুষ একনায়কতন্ত্র, নিপীড়ন, বৈষম্য, অবিচার ও দুর্নীতির বিরুদ্ধে রাজপথ এবং সামাজিক-যোগাযোগ মাধ্যমে দৃঢ়ভাবে রুখে দাঁড়িয়েছিল।

ছাত্রজনতা তাদের অদম্য সংকল্প ও প্রত্যয়ের মাধ্যমে একটি

স্বৈরাচারী ও অগণতান্ত্রিক শাসনব্যবস্থা থেকে আমাদের মুক্তি এনে দিয়েছে উল্লেখ করে ড. ইউনূস বলেন, তাদের এই সম্মিলিত সংকল্পের মধ্যেই আমাদের দেশের ভবিষ্যত নিহিত, যা এ দেশটিকে বিশ্ব সম্প্রদায়ের মাঝে একটি দায়িত্বশীল জাতির মর্যাদায় উন্নীত করবে বলে আমি বিশ্বাস করি।

এই গণআন্দোলন রাজনৈতিক অধিকার ও উন্নয়নের সুবিধা বঞ্চিত বাংলাদেশের আপামর জনসাধারণকে ঐক্যবদ্ধ করেছে বলে মন্তব্য করেন প্রধান উপদেষ্টা। তিনি বলেন, বাংলাদেশের মানুষ উন্নয়ন কর্মকাণ্ডে অন্তর্ভুক্তিমূলক অংশীদারিত্ব চেয়েছিল। আমাদের জনগণ একটি ন্যায্য, অন্তর্ভুক্তিমূলক ও কার্যকর গণতন্ত্রের জন্য লড়াই করেছে, যার জন্য আমাদের নতুন প্রজন্ম জীবন উৎসর্গ করেছিল।

সূত্র: ইত্তেফাক

সাবেক ভূমিমন্ত্রীর সম্পদ ফিরিয়ে দিতে বাংলাদেশকে ব্রিটিশ এমপির চিঠি

সাবেক ভূমিমন্ত্রী সাইফুজ্জামান চৌধুরীর ব্রিটেনে থাকা সম্পদ জব্দ করে বাংলাদেশকে ফিরিয়ে দেওয়ার অনুরোধ জানিয়েছেন ব্রিটিশ এমপি আপসানা বেগম।

মঙ্গলবার (২৪ সেপ্টেম্বর) ন্যাশনাল ক্রাইম এজেন্সির মহাপরিচালক গ্রায়েম বিগারের কাছে লেখা এক চিঠিতে তিনি এসব সহায়-সম্পত্তির বিষয়ে ন্যাশনাল ক্রাইম এজেন্সি (এনসিএ) কী কী ব্যবস্থা নিয়েছে তা জানতে চেয়েছেন।

আপসানা চিঠিতে উল্লেখ করেন- বাংলাদেশের সাবেক এই মন্ত্রীর এসব সম্পত্তিতে দুর্নীতি এবং অর্থনৈতিক অপরাধের সংশ্লিষ্টতা থাকতে পারে।

চিঠিতে আপসানা বলেছেন, সম্প্রতি বাংলাদেশের ছাত্র নেতৃত্বাধীন

গণঅভ্যুত্থানে নিরাপত্তারক্ষাকারী বাহিনীর দমনপীড়নে কয়েকশত মানুষ নিহত হন। এরপর সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনা বাংলাদেশ ছেড়ে চলে যান। নতুন সরকার গঠিত হওয়ার পর ব্যাপক দুর্নীতির তদন্ত শুরু করেছে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ। আমি বিশ্বাস করি বাংলাদেশের সাবেক ভূমিমন্ত্রী সাইফুজ্জামান চৌধুরী ইতোমধ্যেই করসংক্রান্ত বিষয়ে তদন্তের অধীনে রয়েছেন। বাংলাদেশের দুর্নীতি দমন কমিশন (দুদক) অর্থ-আত্মসাতের অভিযোগের বিষয়ে তদন্ত করছে এবং দাবি করেছে, সাইফুজ্জামান চৌধুরী যুক্তরাজ্যে মিলিয়ন মিলিয়ন ডলার পাচার করেছেন।

তিনি আরও বলেন, এইচএম ল্যান্ড রেজিস্ট্রি এবং ইউকে কোম্পানি হাউসের রেকর্ডগুলোর বিষয়ে ফাইন্যান্সিয়াল টাইমসের এক পর্যবেক্ষণে দেখা গেছে, সাইফুজ্জামান চৌধুরীর নিয়ন্ত্রিত সংস্থাগুলো কমপক্ষে ২৮০টি সম্পত্তি রয়েছে, যার বাজার মূল্য প্রায় ১৫ কোটি পাউন্ড। আল-জাজিরার তদন্তে জানা গেছে, সাইফুজ্জামান চৌধুরী আমার নির্বাচনী এলাকা পপলার ও লাইমহাউসে ৭৪টি সম্পত্তির মালিক হয়েছেন।

ব্রিটিশ ওই এমপি লিখেছেন, আমি বিশ্বাস করি, প্রশ্নবিদ্ধ এসব সম্পত্তি বাংলাদেশের। সেগুলো বাংলাদেশের জনগণের কাছে ফিরিয়ে দেওয়া উচিত, যাতে তারা গণতন্ত্র ও নিজেদের স্বার্থে পরিচালিত একটি সমাজের জন্য কাজ করতে পারে। দুর্নীতি দীর্ঘদিন ধরে বাংলাদেশের জীবন মান, কর্মস্থলের অধিকার ও গণতান্ত্রিক স্বাধীনতার ওপর নেতিবাচক প্রভাব ফেলছে।

এনসিএ মহাপরিচালকের উদ্দেশে তিনি বলেন, সাইফুজ্জামান চৌধুরীর সম্পদ জব্দ করে ফিরিয়ে দেওয়া শুধু বাংলাদেশের মানুষের ন্যায্যতা প্রাপ্তি ও তাদের ভবিষ্যৎ অধিকার সংরক্ষণের জন্য গুরুত্বপূর্ণই নয়, বরং যুক্তরাজ্যের সুনাম ও আন্তর্জাতিক রেকর্ড অক্ষুণ্ন রাখার জন্যও অপরিহার্য।

সূত্র: কালবেলা

প্রধান উপদেষ্টার সঙ্গে জাতিসংঘ মহাসচিবের বৈঠক বৃহস্পতিবার

বাংলাদেশের অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টা অধ্যাপক ড. মুহাম্মদ ইউনূসের সঙ্গে জাতিসংঘ মহাসচিব অ্যান্তোনিও গুতেরেসের বৈঠক আগামীকাল বৃহস্পতিবার (২৬ সেপ্টেম্বর) স্থানীয় সময় দুপুর ২টা ১৫ মিনিটে জাতিসংঘ সচিবালয়ে অনুষ্ঠিত হবে।

এ বৈঠকটি জাতিসংঘ সাধারণ পরিষদের অধিবেশনের ফাঁকে অনুষ্ঠিত হবে। প্রধান উপদেষ্টার নির্ধারিত কর্মসূচিতে বিষয়টি অন্তর্ভুক্ত করা হয়েছে।

ড. মুহাম্মদ ইউনূস বর্তমানে জাতিসংঘ সাধারণ পরিষদের অধিবেশনের অংশ হিসেবে বিভিন্ন বিশ্বনেতাদের সঙ্গে বৈঠক করছেন। ইতোমধ্যে তিনি মার্কিন প্রেসিডেন্ট জো বাইডেনের সঙ্গে একটি দ্বিপক্ষীয় বৈঠক করেছেন। মঙ্গলবার (২৪ সেপ্টেম্বর) নিউইয়র্কের স্থানীয় সময় বেলা ১১টায় জাতিসংঘ সদর দপ্তরে উভয় নেতা সাক্ষাৎ করেন। বৈঠক সংক্রান্ত বিষয়গুলো নিয়ে হোয়াইট হাউস একটি বিবৃতি প্রকাশ করেছে।

বিবৃতিতে উল্লেখ করা হয়েছে, ‘বাংলাদেশের অন্তর্বর্তী সরকারের প্রধান হিসেবে সাম্প্রতিক নিয়োগের জন্য অধ্যাপক ইউনূসকে অভিনন্দন জানান মার্কিন প্রেসিডেন্ট জো বাইডেন। দুই নেতা যুক্তরাষ্ট্র এবং বাংলাদেশের মধ্যে ঘনিষ্ঠ সহযোগিতার বিষয়টি নিশ্চিত করেন, যা পরস্পরের গণতান্ত্রিক মূল্যবোধ এবং জনগণের মধ্যে দৃঢ় সম্পর্কের ওপর ভিত্তি করে। প্রেসিডেন্ট বাইডেন দুই সরকারের মধ্যে আরও সহযোগিতাকে স্বাগত জানান এবং বাংলাদেশে চলমান সংস্কার কার্যক্রমে মার্কিন সমর্থন অব্যাহত রাখার কথা নিশ্চিত করেন।’

পড়ুন.. https://www.meherpurpratidin.com/গান-গেয়ে-গেয়ে-যুবককে/‎

এছাড়া, জাতিসংঘ সদর দপ্তরে ইতালির প্রধানমন্ত্রী জর্জিয়া মেলোনি এবং পাকিস্তানের প্রধানমন্ত্রী শেহবাজ শরিফের সঙ্গে পৃথক বৈঠক

করেছেন প্রধান উপদেষ্টা অধ্যাপক ড. মুহাম্মদ ইউনূস। তিনি আইএমএফের ব্যবস্থাপনা পরিচালক ক্রিস্টালিনা জর্জিয়েভা সহ অন্যান্য নেতাদের সঙ্গেও সাক্ষাৎ করেছেন।

সুত্রঃ কালবেলা